দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 03 JUL 2016
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২

# ঘোড়াঘাট মহিলা ডিগ্রি কলেজের তিন শিক্ষক সাসপেণ্ড

■ ঘোড়াঘাট (দিনাজপুর) সংবাদদাতা

পরীক্ষা গ্রহণে অনিয়ম ও অধ্যক্ষকে অপসারণের চক্রান্তে জড়িত থাকাসহ বিভিন্ন অভিযোগে দিনাজপুরের ঘোড়াঘাট মহিলা ডিগ্রি কলেজের তিন শিক্ষককে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

কলেজ সূত্রে জানা গেছে, গত ৩০ মে গভর্নিং বডির সভার সিদ্ধান্ত মোতাবেক তাদের কারণ দর্শানোর নোটিস দেয়া হয়। নোটিসের জবাব সুষ্ঠু ও সন্তোষজনক না হওয়ায় গত ২৫ জুন গভর্নিং বডির সভায় তাদের সাময়িক বরখাস্তের সিদ্ধান্ত গৃহীত হয়। সিদ্ধান্ত মোতাবেক গত ২৭ জুন নোটিসের মাধ্যমে বরখাস্তকৃত শিক্ষকদের বিষয়টি জানানো হয়েছে। বরখাস্তকৃত শিক্ষকরা হলেন— পদার্থবিদ্যার প্রভাষক আলফাব হোসেন, বাংলার প্রভাষক সুজা মিয়া ও সমাজবিজ্ঞানের প্রভাষক আব্দুস ছালাম সরকার। এ ব্যাপারে বরখাস্তকৃত শিক্ষকদের সাথে যোগাযোগ করা হলে তারা বরখাস্তের নোটিস পাওয়ার কথা স্বীকার করেছেন।